



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং- বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/ ৬৬৫৯

তারিখ : ২১/১০/২০১৪খ্রি.

বিষয় : পাঠদানের অনুমতির মেয়াদ বৃদ্ধি

সূত্র : কলেজের স্মারক নং- বাক/২৩৮/২০১৪, তারিখ : ২৯/০৯/২০১৪খ্রি.

উপরিউক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে এ বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের ১৫/১০/২০১৪ তারিখের নির্দেশক্রমে জানাচ্ছি যে, বাশাইল কলেজ, ডাক: বাশাইল, উপজেলা: আগৈলঝাড়া, জেলা: বরিশাল-এর উচ্চমাধ্যমিক পর্যায়ে আগামী তিন মাসের মধ্যে অনুমতিপ্রাপ্ত সকল বিষয়ে বিধি মোতাবেক শিক্ষক নিয়োগের শর্তে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের পাঠদানের অনুমতির মেয়াদ ০১/০৭/২০১৪খ্রি. থেকে ৩০/০৬/২০১৫খ্রি. পর্যন্ত ০১(এক) শিক্ষা বছরের জন্য বৃদ্ধিসহ দ্বাদশ শ্রেণীতে পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

অনুমতির সময়সীমা অতিক্রান্ত হওয়ার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে উক্ত অনুমতি স্বয়ংক্রীয়ভাবে বাতিল হয়ে যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

| শাখা                    | বিষয়   |
|-------------------------|---|
| ১। সকল শাখার জন্য       | : বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক বিষয়)              |
| ২। নৈর্ব্যচনিক বিষয়    |   |
| ক) মানবিক শাখা          | : অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, সমাজকর্ম                            |
| খ) ব্যবসায় শিক্ষা শাখা | : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন |
| ঐচ্ছিক বিষয়            | : কৃষি শিক্ষা   |

## শর্তাবলী

- ০১। অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
- ০২। একাদশ শ্রেণীতে পাঠদানের অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না
- ০৩। সরকারি অনুদান বা আর্থিক মঞ্জুরীর জন্য আবেদন করতে পারবে না বা কোন অনুদান দাবী করা যাবে না
- ০৪। প্রতি শিক্ষাবর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫(পঁচিশ) জন করে শিক্ষার্থী ভর্তি করতে হবে এবং প্রতি বিষয়ে ন্যূনতম ২৫জন পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে এর ৫০% পাস করতে হবে
- ০৫। জনবল কাঠামো ২০১০ এর অতিরিক্ত শিক্ষক-কর্মচারী নিয়োগ করা যাবে না এবং নিবন্ধনধারী/ইনডেক্সধারী শিক্ষক নিয়োগ করতে হবে
- ০৬। আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৭। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৮। আলাদা গ্রন্থাগার নির্মাণ করে তাতে প্রয়োজনীয় সংখ্যক পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৯। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ১০। সংরক্ষিত ও সাধারণ তহবিলে কাম্য পরিমাণ অর্থ সংরক্ষণ করতে হবে
- ১১। বোর্ড কর্তৃপক্ষ যেকোন সময় এ আদেশ প্রত্যাহার বা স্থগিত করতে পারবে

২১.১০.২০১৪

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১  
কলেজ পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
বরিশাল

ফোন : ০৪৩১-৬৪৭৪৫  
২১/১০/১৪

অধ্যক্ষ

বাশাইল কলেজ

ডাক: বাশাইল, উপজেলা: আগৈলঝাড়া

জেলা: বরিশাল

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি

- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, বশিবো
- ৪। পি এস টু চেয়ারম্যান, বশিবো
- ৫। সংরক্ষণ নথি